

সম্পাদকীয়:

সারাবিশ্বে করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্তের সংখ্যা ২৩ লক্ষ ছাড়িয়েছে; মৃত্যু সংখ্যা দেড় লক্ষাধিক। বাংলাদেশে আক্রান্তের সংখ্যা প্রায় আড়াই হাজার এবং মৃত্যু সংখ্যা ৯১ জন। এই অবস্থায় আমাদের দেশে চরম সমস্যায় পড়েছে দৈনিক আয়ের উপর নির্ভরশীল মানুষগুলো। এই মানুষগুলোর পাশে দাঁড়ানোর জন্য সরকারি-বেসরকারি নানা উদ্যোগের কথা শোনা গেলেও, তা অপ্রতুল। সারাদেশের সুজন-এর কিছু নেতা-কর্মীও চেষ্টা করছেন অসহায় মানুষের পাশে দাঁড়াতে। এই নিউজ লেটারে ছোট ছোট সেইসব উদ্যোগের কিছু চিত্র তুলে ধরা হলো।

নান্দাইলে কর্মহীন মানুষের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ:



ময়মনসিংহের নান্দাইল উপজেলায় প্রেসক্লাব নান্দাইলের সহযোগিতায় সুজন-এর উদ্যোগে দৈনন্দিন আয়ের উপর নির্ভরশীল কর্মহীন দেড় শতাধিক পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

গত ১৪ এপ্রিল ২০২০, মঙ্গলবার, প্রেসক্লাব নান্দাইল ও সুজন-নান্দাইল উপজেলা কমিটির সভাপতি এডভোকেট হাবিবুর রহমানের নেতৃত্বে বাড়ি বাড়ি গিয়ে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। খাদ্য সামগ্রীর মধ্যে ছিল ১০ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি ডাল, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি লবন ও ১ লিটার তেল। সাথে একটি সাবানও ছিল।

এই সহায়তা সামগ্রী বিতরণ কাজের সমন্বয়ের সার্বিক দায়িত্বে নিয়োজিত ছিলেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জনাব শামছ-ই-তাবরীজ ও সুজন-এর সাধারণ সম্পাদক অরবিন্দ পাল অখিল। বিতরণ কাজে অংশ নেন সাংবাদিক হান্নান মাহমুদ, আলম ফারাজি ও জালাল উদ্দিন মন্ডল, ইঞ্জিনিয়ার শাহজাহান সরকার, মামুনোর রশিদ, বিকাশ চন্দ্র সাহা, আবুল ইসলাম মানিক, লিটন সাহা, আজহারুল ইসলাম হেলাল প্রমুখ। ডাক্তার, ইঞ্জিনিয়ার, ব্যবসায়ী, সমাজসেবক ও সাংস্কৃতিক ব্যক্তিবর্গসহ স্থানীয় বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ এই কাজে আর্থিক সহায়তা প্রদান করেন।

মুন্সীগঞ্জে সুজন ও এপেক্স ক্লাবের যৌথ উদ্যোগ:



গত ৩০ মার্চ ২০২০-এ, সুজন-মুন্সীগঞ্জ জেলা কমিটি ও বিক্রমপুর এপেক্স ক্লাবের যৌথ উদ্যোগে ২০টি কর্মহীন দরিদ্র পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। খাদ্য সামগ্রীর মধ্যে ছিল ৫ কেজি চাল, ৩ কেজি আলু, ১ কেজি ডাল ও ১ লিটার তেল।

সুজন-মুন্সীগঞ্জ জেলা কমিটির সাধারণ সম্পাদক এডভোকেট জানে আলম প্রিন্স, এপেক্স ক্লাব বিক্রমপুর ইউনিটের সহ-সভাপতি সাইদুর রহমান ও প্রচার সম্পাদক এডভোকেট খোকনসহ স্থানীয় সুজন ও এপেক্স ক্লাব নেতৃবৃন্দ বিতরণ কাজে অংশ নেন।

ফেনীতে লিফলেট ও হ্যান্ড গ্লাভস বিতরণ:



করোনাভাইরাস মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টি প্রক্রিয়ার অংশ হিসেবে গত ১৪ এপ্রিল ২০২০-এ, ফেনীতে লিফলেট বিতরণ এবং ফুটপাথের হকারদের মধ্যে হ্যান্ড গ্লাভস বিতরণ করা হয়।

সুজন-ফেনী জেলা কমিটির সাধারণ সম্পাদক জনাব শাহাদাত হোসেন কর্তৃক বিতরণ কার্যক্রম উদ্বোধনের পর শহরের ট্রাঙ্ক রোড ও শহীদ শহীদুল্লাহ কায়সার সড়কে পথচারীদের লিফলেট ও ফুটপাথের হকারদের মাঝে হ্যান্ড গ্লাভস বিতরণ করা হয়। একই সাথে সড়ক দুটিতে জীবাণুনাশকও স্প্রে করা হয়।

কর্মসূচিতে অংশ নেন জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক পার্থ পাল চৌধুরী, শহর ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক পারভেজুল ইসলাম হাজারী, শহর ব্যবসায়ী কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক কবি ইকবাল আলম, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সাধারণ সম্পাদক সমর দেবনাথ, সুজন জেলা কমিটির কোষাধ্যক্ষ খোরশেদ আলম বাবলু, ফেনী পৌর কমিটির সাধারণ সম্পাদক ইমন উল হক ও সদর উপজেলা কমিটির সাধারণ সম্পাদক আলী হায়দার মানিকসহ সুজন-এর স্থানীয় নেতৃবৃন্দ ও গণ্যমান্য নাগরিকবৃন্দ।

বাংলাদেশে করোনাভাইরাসের সর্বশেষ চিত্র:

মোট আক্রান্ত: ২,৪৫৬ জন

মোট মৃত্যু: ৯১ জন

মোট সুস্থ: ৭৫ জন

তথ্যসূত্র: আইইডিসিআর; তারিখ: ১৯-০৪-২০২০